

ছাত্রছাত্রীদের পাসের নিশ্চয়তা বিধান না করলে স্কুল ও কলেজের এমপিও বাতিল করা হবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক বলেছেন, শিক্ষক ছাত্র অভিজ্ঞতাবদ্ধ, সুশীল সমাজ এবং সরকার এই পাঁচটির সমন্বয়ে শিক্ষা কার্যক্রম সম্পন্ন হয়। এদের একটি অর্থাৎ হলে শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়। এতে সুশিক্ষিত, দক্ষ এবং আত্মনির্ভরশীল জাতি গঠনও বাধাগ্রস্ত হয়। তিনি বলেন, ছাত্রছাত্রীদের যদি আমরা যথাযথ শিক্ষা দিয়ে উপযুক্ত করে না গড়ে তুলতে পারি, তবে জনসংখ্যা জনসম্পদে পরিণত হবে না। এজন্য তিনি শিক্ষকদের রূপে পাঠদান নিশ্চিত করার আহ্বান জানিয়ে বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে এমপিও এবং স্বীকৃতি চিরস্থায়ী বন্দোবস্ত নয়। ছাত্রছাত্রীদের পাসের নিশ্চয়তা করা না গেলে স্কুল ও কলেজ চিহ্নিত করে এমপিও বাতিল করা হবে।

গতকাল জাতীয় শিক্ষা সত্র-২০০০ উপলক্ষে আয়োজিত শিক্ষা সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। রাজধানীর ওসমানী শ্রুতি মিনারায়তনে শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে এছাড়াও শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম. এছানুস- হক, মিলন, শিক্ষা-উপমন্ত্রী আবদুস সালাম পিটু, শিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডাঃ রশিদ মন্সুরগালয়ের কর্মকর্তা, বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা বক্তব্য করেন। এতে স্বনির্ভরতা অর্জনে শিক্ষা শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন সাইথ ইস্ট ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শমশের আলী ও আনন্দমোহন বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ অধ্যাপক আজিজুর রহমান। শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষাসন থেকে সরকার

শিক্ষামন্ত্রী

সন্ত্রাস, দুর্নীতি ও অনিয়ম দূর করতে বন্ধপরিষ্কার।

শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম. এছানুস- হক মিলন বলেন, এ বছর আমরা সময়মতো ছাত্রছাত্রীদের হাতে পাঠ্যপুস্তক তুলে দিতে পেরেছি। পারলিক পরীক্ষায় যেকোন মূল্যে নকল প্রতিরোধ করা হবে। তিনি বলেন, মাদ্রাসা শিক্ষাকে যুগোপযোগী এবং এতে ছাত্রছাত্রীদের আকর্ষণ করার লক্ষ্যে সরকার এবতেদায়ি পর্যায়ের বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ করবে। মাদ্রাসা শিক্ষাকে আধুনিক এবং যুগোপযোগী এবং প্রতিযোগিতায় মাদ্রাসা ছাত্রদের টিকে থাকার ক্ষমতা তাদের নিজেদের অর্জনে সম্বল করা হবে। এ পিত থেকে চোখ ফিহিয়ে রাখতে কোন চিন্তা সরকারের নেই।